গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
**ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প**
বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ৫ম তলা, ঢাকা।

স্মারক নংঃ ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২.৬২৬

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১
২৯ মে, ২০২৪

## সভার নোটিশ

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Establishing Digital Connectivity" শীর্ষক প্রকল্পের প্রান্তিক পর্যায়ের ব্রডব্যান্ড সংযোগ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Establishing Digital Connectivity (EDC) প্রকল্পটি সারাদেশব্যাপী কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পটির লক্ষ্য হচ্ছে সরকারের সেবার মান উন্নয়ন, তৃণমূল পর্যায় পর্যন্ত ভৌত অবকাঠামো শক্তিশালী করা, চতুর্থ শিল্প বিপ্লবের জন্য দেশের তরুণ সমাজকে প্রস্তুতকরন, জনগণের জীবনকে সহজতর করা এবং সর্বোপরি ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি "স্মার্ট বাংলাদেশ"এ রূপান্তরিত করা।

প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট End User Connectivity বাস্তবায়নের অংশ হিসেবে সারাদেশে প্রায় ১১১,৬৯৬টি (এক লক্ষ এগারো হাজার ছয়শত ছিয়ানব্বই) ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে প্রদান করা হবে। উক্ত সংযোগ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল জেলা/উপজেলা আইসিটি কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মোস্তফা কামাল (অতিঃ সচিব) মহোদয়ের সভাপতিত্বে আগামী ৩০ মে, ২০২৪ বেলা ৩:০০ ঘটিকায় জুম (zoom) প্লাটফর্ম এর মাধ্যমে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, উক্ত মতবিনিময় সভায় জুম (zoom) প্লাটফর্ম এ যথাসময়ে সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তারিখঃ ৩০ মে, ২০২৪
সময়ঃ বেলা ৩:০০ ঘটিকা
Meeting ID : 824 0057 3854
Passcode : 838215

২৯.০৫.২০২৪
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১) উপ-প্রকল্প পরিচালক (ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প)
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) প্রোগ্রামার, (অতিরিক্ত দায়িত্ব), এন্ড ইউজার কানেকটিভিটি, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।
৪) প্রোগ্রামার, (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও মানব সম্পদ, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প (সকল কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)
৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়,.................. .........সকল
৬) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় .................... সকল
৬) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়,...............সকল
৭) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) অফিস কপি।